



নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন
মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম
বাস্তবায়নে ঃ প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

অফিস আদেশ

গত ২৮ নভেম্বর ২০১৮ ইং তারিখে নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন এবং প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর মধ্যে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত দ্বি-পাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ার পর ২০ ডিসেম্বর ২০১৮ ইং তারিখে নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়নগঞ্জ জেলা ক্লিনিক ও ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশন এবং প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন একটি যৌথ সভায় নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় “মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা” সেবা মূল্য নির্ধারণ করা হয়েছে। সে লক্ষ্যে নারায়নগঞ্জ নগরীতে অবস্থিত হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারসহ সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান সমূহের মেডিকেল বর্জ্য সংগ্রহ এবং চূড়ান্ত ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত নিম্নোক্ত হারে সেবা মূল্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হল।

বেড সংখ্যা (হাসপাতাল ও ক্লিনিক)	সার্ভিস চার্জ (ভ্যাট ও কর ব্যতীত)	ভ্যাট ১৫%	আয়কর ১.৫%	মোট (ভ্যাট ও কর সহ)
১-২০	১২০০	১৮০	১৮	১৩৯৮
২১-৫০	২৪০০	৩৬০	৩৬	২৭৯৬
৫১-১০০	৫৪০০	৮১০	৮১	৬২৯১
১০১-২০০	৭২০০	১০৮০	১০৮	৮৩৮৮
২০১-২৫০	১৪৪০০	২১৬০	২১৬	১৬৭৭৬
২৫১-৩৫০	১৮০০০	২৭০০	২৭০	২০৯৭০
৩৫১-৫০০	৩৬০০০	৫৪০০	৫৪০	৪১৯৪০
৫০১-৭৫০	৪২০০০	৬৩০০	৬৩০	৪৮৯৩০
৭৫১ তদুর্ধ্ব	৪৮০০০	৭২০০	৭২০	৫৫৯২০
ডায়াগনস্টিক সেন্টার				
এ-ক্যাটাগরী	১৪৪০০	২১৬০	২১৬	১৬৭৭৬
বি- ক্যাটাগরী	৬০০০	৯০০	৯০	৬৯৯০
সি- ক্যাটাগরী	৩৬০০	৫৪০	৫৪	৪১৯৪
ডি- ক্যাটাগরী	২৪০০	৩৬০	৩৬	২৭৯৬
ই- ক্যাটাগরী	১২০০	১৮০	১৮	১৩৯৮

উল্লেখ্য যে সিদ্ধিরগঞ্জ এবং বন্দর এলাকার ১-২০ বেডের হাসপাতাল এবং ই- ক্যাটাগরীর ডায়াগনস্টিক সেন্টারের জন্য সার্ভিস চার্জ মোট ১,১৬৫ (১০০০ টাকা + ভ্যাট ১৫০ + আয়কর ১৫) টাকা নির্ধারণ করা হলো।

সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান মাসিক সার্ভিস চার্জের সাথে সরকার কর্তৃক বর্তমানে নির্ধারিত (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাধারণ আদেশ নং- ২৪/মুসক/২০১৩ তারিখ ০৬.০৬.২০১৩খ্রিঃ এবং অর্থ আইন ২০১৫ এর ২৮নং অনুচ্ছেদ অনুসারে) হারে ভ্যাট এবং আয়কর যোগ করে মোট সার্ভিস চার্জ হতে ভ্যাট ও আয়কর কর্তন করে মাসিক সার্ভিস চার্জ প্রদান করবে এবং ভ্যাট ও আয়কর রাজস্ব খাতে জমা প্রদান করবে।

(স্বাক্ষরিত)
এ, এফ, এম, এহতেশামুল হক
উপ সচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন
ও
সভাপতি
মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা কমিটি